

১৫৬

**চঃবিঃ ক্যাম্পাস উত্তপ্ত
সমাবর্তন বর্জনের
ঘোষণা বিএনপি
ও জামাত সমর্থকদের**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :
আগামী ১৩ই মার্চ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
দ্বিতীয় সমাবর্তনকে কেন্দ্র করে ক্যাম্পাস
আবারও উত্তপ্ত হয়ে উঠেছে।

বিএনপি ও জামাতপন্থী শিক্ষকগণ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এ্যাট ১৯৭৩ অনুযায়ী
সিনেট কর্তৃক নির্বাচিত প্যানেল থেকে
একজন নিয়মিত উপাচার্য নিয়োগ অথবা
দলনিরপেক্ষ ব্যক্তিত্ব হিসেবে সুপ্রিম
কোর্টের একজন বিচারপতিকে চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগের দাবিতে
সমাবর্তন বয়কটের সিদ্ধান্ত ঘোষণা
করেছেন। ছাত্রদল ও ছাত্র শিবির সমাবর্তন
বয়কট ও বিক্ষোভের কর্মসূচি দিয়েছে।

গতকাল নগরীর স্থানীয় এক হোটেলে
আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিএনপি
ও জামাতপন্থী শিক্ষকগণ এ সিদ্ধান্ত ঘোষণা
করেন। তাদের অন্যান্য অভিযোগের মধ্যে
ছিল প্রশাসনের দলীয়করণ, দলীয়
শিক্ষকগণের বিভিন্ন পদে নিয়োগদান ও
পদোন্নতি প্রদান এবং দেশব্যাপী সরকারি
পুলিশ বাহিনীর বিরোধীদের প্রতি
নির্যাতন। ছাত্র শিবির গতকাল ক্যাম্পাসে
পৃথক সংবাদ সম্মেলনের মাধ্যমে
রাজনৈতিক কারণে তনুস্থিত সমাবর্তন
অনুষ্ঠান বয়কটের ঘোষণা দিয়ে
জাতীয়তাবাদী ছাত্রদল সমাবর্তন বর্জন ও
ক্যাম্পাসে মিছিল ও বিক্ষোভ সমাবেশের
ঘোষণা দিয়েছে।

ছাত্র ইউনিয়ন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা
ছাত্র ইউনিয়ন কর্মী সঞ্জয় তলাপাত্র হত্যার
বিচার ও দেশের বিভিন্ন স্থানে সাংস্কৃতিক
কর্মীদের হত্যার বিচারের দাবিতে বিক্ষোভ
সমাবেশের আয়োজনের ঘোষণা দিয়েছে।

নগরীর ওয়ার নিজাম রোডস্থ ডুং ফং
রেস্টুরেন্টে বিএনপি ও জামাতপন্থী
শিক্ষকদের আয়োজিত সংবাদ সম্মেলনে
লিখিত বক্তব্য পাঠ করেন চঃ বিঃ শিক্ষক
সমিতির সাবেক সভাপতি প্রফেসর ডঃ
ইউনুফ শরীফ আহমেদ খান। অন্যদের
মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর এম বদিউল
আলম প্রফেসর এ জে এম নুরুদ্দিন
চৌধুরী প্রফেসর আবদুন নূর প্রফেসর
আহমেদ ফজলে হাসান চৌধুরী প্রফেসর
মাহবুব উল্লাহ প্রফেসর আনাম মনির
আহমেদ চৌধুরী প্রমুখ।